# নতুন আইন: স্বাদগন্ধযুক্ত ই-সিগারেট এবং তামাকজাত দ্রব্য

1. **নতুন আইনগুলি কিসের জন্য?**
   নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের 2019 এর স্থানীয় আইন 228 অনুসারে যে কোনো আকারের স্বাদগন্ধযুক্ত ইলেক্ট্রনিক সিগারেট (ই-সিগারেট) এবং স্বাদগন্ধযুক্ত ই-লিক্যুইডের বিক্রয় নিষিদ্ধ। এছাড়াও 2019 এর স্থানীয় আইন 228 অনুসারে রিটেলারদের এইসব জিনিস বিক্রয় করা বা বিক্রয় করার উদ্দেশ্যে রাখা নিষিদ্ধ। এই আইনটি যুবসমাজকে ই-সিগারেটে আসক্ত হওয়া থেকে সুরক্ষিত করে, কেননা অনেক যুবক-যুবতীর কাছে ই-সিগারেট জাতীয় পণ্য আকর্ষণীয়।

   এপ্রিল 2020 তে, নিউ ইয়র্ক স্টেটের বাজেট আইনে এইসব জিনিস বিক্রয় বা বিক্রয়ের প্রস্তাব করার উপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। জনস্বাস্থ্য আইন §§ 1399-MM-1, 1399-MM-2 এবং 1399-MM-3 দেখুন।

2. **কিভাবে স্থানীয় আইন 228 অধ্যায় 28, নির্দিষ্ট স্বাদগন্ধযুক্ত তামাকজাত দ্রব্য বিক্রয়ের নিষেধাজ্ঞাকে প্রভাবিত করে?**
   স্থানীয় আইন 228-এর মূল আইনে স্বাদগন্ধযুক্ত তামাকজাত দ্রব্যের (মিন্ট, মেন্থল বা উইন্টারগ্রীন স্বাদগন্ধযুক্ত তামাকজাত দ্রব্য ব্যতিক্রমে, 2009 এ পাস হয়েছে) নিষেধাজ্ঞায় ই-সিগারেট ও ই-লিক্যুইড (কখনও কখনও লিক্যুইড নিকোটিনও বলা হয়) যোগ করা হয়েছে। সিগার, সিগারিলো, লিটিল সিগার, সিগার রেপ, ধোঁয়াহীন তামাক (চিবিয়ে খাওয়া তামাক, নস্যির মতো করে নেয়া ও দ্রবীভূত হওয়া তামাকজাত দ্রব্য সহ), লুজ তামাক (পাইপ টোব্যাকো ও নিজে তৈরি করে সেবনের তামাক), স্নাস এবং শিশা (তামাক ও অ-তামাকজাত উভয়ই) এই আইনের অধীনস্থ। তামাক ও মেন্থল ছাড়া সিগারেটে স্বাদ যোগ করা 2009 সালের রাষ্ট্রীয় আইন অনুসারে নিষিদ্ধ। ই-সিগারেটের জন্য এবং সিগারেট ব্যতীত (তামাকজাত দ্রব্য বা OTP ব্যতীত) তামাকজাত দ্রব্যের জন্য যে সব স্বাদ বিক্রি করার অনুমতি দেয়া হয় সেগুলি আলাদা। নীচের 4 ও 6 নং প্রশ্ন দেখুন।

3. **এইসব আইন কখন কার্যকর হবে?**
   স্টেটে স্বাদগন্ধযুক্ত ই-সিগারেটের বিক্রয় করা নিষিদ্ধ কার্যকর হয়েছে 2020 সালের মে মাসের মাঝামাঝি করে। নিউ ইয়র্ক সিটির (New York City, NYC) ব্রোডার ই-সিগারেট বিক্রির নিষেধাজ্ঞা কার্যকর হয়েছে জুলাই 1, 2020 থেকে।

4. **এখন রিটেইলারদের কি কি জানতে হবে?**
   আপনাকে অবশ্যই <u>এখনই NYC-তে স্বাদগন্ধযুক্ত OTP, ই-সিগারেট বা ই-লিক্যুইড বিক্রিয় করা বন্ধ করতে হবে</u>। আপনাকে NYC-তে এখনই এইসব জিনিস বিক্রয় করা বা বিক্রয় করার উদ্দেশ্যে রাখা বন্ধ করতে হবে।

- ই-সিগারেট রিটেইলার:
    - ই-সিগারেট রিটেইলাররাই এখন তামাকের স্বাদগন্ধযুক্ত বা স্বাদগন্ধহীন ই-সিগারেট বা ই-লিক্যুইড বিক্রয় করতে পারবে বা বিক্রয়ের জন্য রাখতে পারবে।
    - যে সকল ই-সিগারেট রিটেইলদের কাছে যে কোনো গন্ধের ছয় বা তার বেশি ই-সিগারেট অথবা 12 আউন্সের বেশি ই-লিক্যুইড আছে তারা বিক্রয় করার জন্যেই রেখেছে বলে ধরা হয়।
- তামাক রিটেইলারদের জন্য
    - তামাক রিটেইলাররাই এখন তামাক, মেন্থল, মিন্ট বা উইন্টারগ্রীনের স্বাদগন্ধযুক্ত বা স্বাদগন্ধহীন OTP বিক্রয় করতে পারবে বা বিক্রয়ের জন্য রাখতে পারবে।
    - যে সব টোব্যাকো রিটেইলারদের কাছে 4 বা তার বেশি যে কোনো গন্ধের OTP আছে তারা বিক্রয় করার জন্যেই রেখেছে বলে ধরা হয়।

**5. কোন কোন পণ্য এইসব আইনের আওতায় থাকছে?**

এই আইনের আওতায় <u>সমস্ত ইলেক্ট্রনিক সিগারেট, ই-লিক্যুইড/লিক্যুইড নিকোটিন এবং OTP থাকছে</u>। সমস্ত আকারের স্বাদগন্ধযুক্ত ই-সিগারেট এবং ই-লিক্যুইড নিষিদ্ধ করে সর্বশেষ রাষ্ট্রীয় নীতি থেকে আরো এগিয়ে যাওয়া হয়েছে। নিউ ইয়র্ক সিটি ও স্টেটের আইনে আওতায় নিষ্পত্তিযোগ্য এবং ট্যাঙ্ক-ভিত্তিক পণ্য অন্তর্ভুক্ত। এছাড়াও নিউ ইয়র্ক সিটির আইনের মাধ্যমে তামাক, মেন্থল, মিন্ট বা উইন্টারগ্রীন স্বাদগন্ধযুক্ত বা স্বাদগন্ধহীন তামাক ও স্বাদগন্ধযুক্ত OTP এর বিক্রয় সীমিত করা হয়েছে।

**6. আমার পণ্য স্বাদগন্ধযুক্ত কিনা কিভাবে বুঝব?**

লেবেল, প্যাকেজিং দেখুন এবং/অথবা স্বাদগন্ধযুক্ত বলে এমন চিহ্ন দিয়ে মার্কেটিং দেখুন। পণ্যের বিবরণের জন্য নির্মাতা যে বর্ণনা ও ছবি দিয়েছে তা দেখুন। শব্দ, রঙ বা ছবির মাধ্যমে গন্ধের বর্ণনা দেয়া থাকতে পারে। "spicy" (ঝাল) বা "sweet" (মিষ্টি) এর মতো শব্দের মাধ্যমে সাধারণত গন্ধকে বোঝানো হয়।

- <u>ই-সিগারেট বা ই-লিক্যুইড</u> কেবলমাত্র তখন বিক্রয় করা হবে যদি তা <u>তামাকের স্বাদগন্ধযুক্ত বা স্বাদগন্ধহীন হয়।</u>
- <u>OTP</u> কেবল তখনই বিক্রয় করা যাবে যদি তা <u>তামাক-, মেন্থল-, মিন্ট- বা উইন্টারগ্রীনের স্বাদগন্ধযুক্ত বা স্বাদগন্ধহীন হয়।</u>

সামনের মাসগুলিতে, কোন পণ্য বিক্রয় করা যাবে এবং কোন পণ্য় বিক্রয় করা যাবে না তা সম্পর্কে আমরা আরো নির্দেশিকা দেব।

**7. নির্দিষ্ট কিছু রিটেইলার আছে কি যারা এখনও স্বাদগন্ধযুক্ত পণ্য বিক্রয় করতে পারে?**

না, নিউ ইয়র্ক সিটিতে স্বাদগন্ধযুক্ত ইলেক্ট্রনিক সিগারেট বিক্রয়ের অনুমতি নেই।

- কেবলমাত্র রেজিস্টার করা টোবাকো বার স্বাদগন্ধযুক্ত OTP বিক্রয় করতে পারে।
- কোনো নতুন টোবাকো বার রেজিস্ট্রেশন উপলভ্য নেই।

**8. নতুন আইন কবে থেকে প্রযুক্ত হবে?**

জুলাই 1, 2020 থেকে, শেরিফের অর্থ বিভাগের অফিস (Department of Finance, DOF) এবং উপভোক্তা ও কর্মী–সুরক্ষা বিভাগ (Department of Consumer and Worker Protection, DCWP, আগে DCA বলা হত) রিটেইলারদের নিয়মিত পরিদর্শনের অংশ হিসাবে এই আইনগুলি প্রয়োগ করবে। নিয়মিত বা অভিযোগের ভিত্তিতে পরিদর্শন করা হতে পারে।

**9. অবশিষ্ট স্বাদগন্ধযুক্ত পণ্যগুলো নিয়ে রিটেইলাররা কি করবে?**

রিটেইলারদের জুলাই 1 এর মধ্যে সমস্ত স্বাদগন্ধযুক্ত ই-সিগারেট এবং স্বাদগন্ধযুক্ত ই–লিক্যুইড পণ্য নষ্ট করার পরিকল্পনা করতে হবে। কারণ এইসব পণ্যে ব্যাটারি ও নিকোটিনের আকারে বিপজ্জনক বর্জ্য থাকে, সেগুলি জঞ্জালে মেশা উচিত নয়। নিরাপদে নষ্ট করার বিকল্পসমূহের জন্য বর্জ্য নষ্ট করার ঠিকাদার ও আপনার ডিস্ট্রিবিউটরের সঙ্গে কথা বলুন।

উপরের 4 নং প্রশ্নে উল্লিখিত পরিমাণের থেকে বেশি স্বাদগন্ধযুক্ত ই–সিগারেট বা স্বাদগন্ধযুক্ত ই–লিক্যুইড থাকলে তা DOF শেরিফের অফিস বাজেয়াপ্ত করতে পারে। রিটেইলাররা উপরের জিনিসগুলি তাদের জায়গা থেকে সরাতে জুলাই 1 থেকে 15 জুলাই 2020 পর্যন্ত 15 দিন সময় পাবে এবং এইসব তথ্য জানাবে:

1) জিনিসগুলি তাক বা ডিসপ্লে কেস থেকে সরানো হয়েছে।
2) সেগুলিকে নিরাপদ স্থানে সাধারণ মানুষের নাগালের বাইরে রাখা হয়েছে।
3) রিটেইলারদের কাছে এইসব জিনিস যদি থাকে, তাহলে DCWP বা DOF শেরিফের অফিস থেকে আধিকারিকরা পরিদর্শনে গেলে অবিলম্বে তাদেরকে সেগুলি দেখাতে হবে।

**10. আইন লঙ্ঘন করলে কী শাস্তি দেয়া হয়?**

আইন লঙ্ঘন করলে প্রতিটি লঙ্ঘনের জন্য $1,000 থেকে $5,000 আর্থিক জরিমানা আরোপ করা হয়। যদি কোনো রিটেইলার তিন বছরের মধ্যে তিনবার লঙ্ঘন করে তাহলে তার লাইসেন্স এক বছরের জন্য সাসপেন্ড করা হতে পারে। এছাড়াও নিউ ইয়র্ক স্টেটে স্বাদগন্ধযুক্ত ইলেক্ট্রনিক সিগারেটের আইন লঙ্ঘনের জন্য রিটেইলারলে প্রতি প্যাকেট স্বাদগন্ধযুক্ত ইলেক্ট্রনিক সিগারেটের জন্য অতিরিক্ত $100 করে জরিমানা দিতে হতে পারে।

**11. রিটেইলাররা কোথায় এইসব আইন সম্পর্কে আরো তথ্য পাবে?**

NYC তামাক ও ই–সিগারেট নিয়ন্ত্রণ আইন সম্পর্কে আরো জানতে nyc.gov/health যান ও "tobacco laws" (তামাক সংক্রান্ত আইন) দেখুন অথবা **311** নম্বরে কল করে বলুন যে আপনি তামাক বা ইলেক্ট্রনিক সিগারেট রিটেল ডিলার।

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ তাদের ওয়েবসাইটে রিটেইলারদের জন্য তথ্য প্রদান করে। বর্ধিত জরিমানা এবং নির্দেশিকা অনুসারে প্রদর্শন ও ছাড়ের উপর নতুন নিষেধাজ্ঞা সম্পর্কে আরো জানতে health.ny.gov/prevention/tobacco_control/educational_materials.htm–এ যান।